

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭১৪

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসের বিপরীত

ذَكَرُ خَبْرٍ قَدْ يُوْهُمُ مَنْ لَمْ يُحْكَمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّهُ مُضَادٌّ لِخَبْرِ أَنَسِ بْنِ مَالِكٍ الَّذِي ذَكَرْنَاهُ

আরবী

3714 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا حَمَادُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ يَوْمَ فَتْحِ مَكَّةَ وَعَلِيَةَ عِمَامَةَ سِوَاءِ.

الراوي : جَابِرُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3714 | خلاصة حكم المحدث: صحيح - ((مختصر الشمائل)) (94): م.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: فِي خَبْرِ أَنَسِ بْنِ مَالِكٍ: دَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَكَّةَ وَعَلَى رَأْسِهِ الْمَغْفَرُ وَفِي خَبْرِ جَابِرٍ أَنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ مَكَّةَ وَعَلَيْهِ عِمَامَةٌ سِوَاءِ وَلَمْ يَدْخُلْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَكَّةَ بِغَيْرِ إِحْرَامٍ إِلَّا مَرَّةً وَاحِدَةً وَهُوَ يَوْمَ الْفَتْحِ وَيُشْبَهُ أَنْ يَكُونَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ذَلِكَ الْيَوْمِ كَانَ عَلَى رَأْسِهِ الْمَغْفَرُ وَقَدْ تَعَمَّمَ بِعِمَامَةٍ سِوَاءِ فَوْقَهُ فَإِذَا جَابِرٌ ذَكَرَ الْعِمَامَةَ الَّتِي عَايَنَهَا وَإِذَا أَنَسٌ ذَكَرَ الْمَغْفَرَ الَّذِي رَأَاهُ مِنْ غَيْرِ أَنْ يَكُونَ بَيْنَ الْخَبْرَيْنِ تَضَادٌّ أَوْ تَهَاتُرٌ.

বাংলা

৩৭১৪. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের দিন মক্কায় প্রবেশ করেন, এসময় তাঁর মাথায় কালো পাগড়ী ছিলো।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহ বলেন, “আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসে রয়েছে “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের দিন মক্কায় প্রবেশ করেন, এসময় তাঁর মাথায় শিরজ্ঞাণ ছিলো। আর জাবির রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসে রয়েছে “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের দিন মক্কায় প্রবেশ করেন, এসময় তাঁর মাথায় কালো পাগড়ী ছিলো।”

আর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় ইহরাম বিহীন অবস্থায় কেবল একবারই প্রবেশ করেছিলেন। আর এটা ছিল মক্কা বিজয়ের সময়। এখানে হতে পারে সেদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাথায় শিরজ্ঞাণ ছিল এবং সেটার উপর কালো পাগড়ী ছিলো। কাজেই জাবির রাদিয়াল্লাহু আনহু পাগড়ী দেখে, সেটা বর্ণনা করেছেন আর আনাস রাদিয়াল্লাহু আনহু শিরজ্ঞাণ দেখে তিনি সেটাই বর্ণনা করেছেন। এমন নয় যে, উভয় হাদীসের মাঝে বৈপরীত্য আছে।”

ফুটনোট

[1] আবু দাউদ: ৪০৭৬; আলী বিন জা'দ: ৩৪৩৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৪২২; মুসনাদ আহমাদ: ১/৩৬৩; আবু দাউদ: ৪০৭৬; তিরমিযী: ১৭৩৫; ইবনু মাজাহ: ২৮২২; সুনান বাইহাকী: ৫/১৭৭; বাগাবী: ২০০৭; দারেমী: ২/৭৪; সহীহ মুসলিম: ১৩৫৮; নাসাঈ: ৫/২০১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ৯৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93051>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন